উইঘুর স্বাধীনতা আন্দোলনের প্রাণপুরুষ
আল-হিজবুল ইসলামী আত-তুর্কিস্তানীর আমীর

## শাইখ আব্দুল হক তুর্কিস্তানীর দূর্লভ জীবন কাহিনী

# পূর্ব তুর্কিস্তান থেকে খোরাসান

মাওলানা হামিদুর রহমান অনুদিত

উইঘুর স্বাধীনতা আন্দোলনের প্রাণপুরুষ তুর্কিস্তান ইসলামিক পার্টির আমীর শাইখ আব্দুক হক তুর্কিস্তানীর দুর্লভ জীবনকাহিনী

# পূর্ব তুর্কিস্তান থেকে খোরাসান

মাওলানা হামিদুর রহমান অনুদিত

সাড়াজাগানো অনলাইন ভিত্তিক আরবি প্রকাশনা প্রতিষ্ঠান নুখবাতুল ফিকর কর্তৃক
রবিউল আওয়াল ১৪৩৮ হিজরী – ডিসেম্বর ২০১৬ ঈসায়ী তে আরবি থেকে বাংলায় অনূদিত

بسم الله الرحمٰن الرحيم

## জন্ম ও শৈশব

আমি আপনাদের ভাই আব্দুল হক্ক তুর্কিস্তানী। আমি **১৯৭১** সালের অক্টোবর মাসের দশ তারিখে জন্মগ্রহণ করেছি। আমার ছয় ভাইবোন রয়েছে। ভাইবোনদের মধ্যে আমিই সবচে বড়। আমি একটি দ্বীনি পরিবারে জন্মগ্রহণ করি। আমার বাবা একজন কৃষক ছিলেন। আমি শহরতলীতে জন্মগ্রহণ করেছি।

চার বৎসর বয়সে আমি কুরআনুল কারীম মুখস্থ করার জন্য মাদরাসায় যাই। আমার দাদা আমাকে দ্বীনি ইলম শিক্ষাদানের জন্য তাঁর ছোট ভাইয়ের নিকট প্রেরণ করেন। আমার বয়সের স্বল্পতার দরুণ তিনি আমাকে পূনরায় আমার বাবার নিকট প্রেরণ করেন। **১৯৭৫** সালে আমি জোরজবরদস্তির স্বীকার হয়ে সরকারি শিক্ষাঙ্গনে যাই এবং সেখানে আমি **১৯৮০** সাল পর্যন্ত পড়াশোনা করি। আমি দিনের বেলা সরকারি শিক্ষাঙ্গনে এবং রাতের বেলা দ্বীনি শিক্ষাঙ্গনে পড়াশোনা করতাম।

### ইলম হাসিলের উদ্দেশ্যে সফর

প্রথম পর্যায়ে আমি আমার উস্তাদগণের নিকট আমাদের কতিপয় প্রসিদ্ধ শরয়ী কিতাব অধ্যায়ন করি। যেমনঃ "মুহিম্মাতুল মুসলিমিন, মুবিনুল ইসলাম, কিতাবুন ফিস্ সরফ, আহকামু ক্বিরাআতিল কুরআন ও রিসালাতুন ফিল উযু"।

**১৯৮০** সালে আমি সরকারি শিক্ষাঙ্গন থেকে "ক্বরক্বাশ" প্রদেশের "যাবী" অঞ্চলের "জাই তুর্ক" গ্রামে পলায়ন করি এবং মাওলানা আব্দুল্লাহ্ মাখদুম হাজীর নিকট ইলম অন্বেষণ করি। তাঁর নিকট আমি **১৯৮৪** সাল পর্যন্ত সরফ ও নাহুর কিতাবগুলো এবং 'মুখতাসারুল বিক্বায়া' হতে 'হিদায়া' পর্যন্ত হানাফী মাজহাবের ফিকহের কতিপয় কিতাব ও আরবি সাহিত্যের 'আশ শিফা' কিতাব অধ্যায়ন করি। এরপর মাওলানা আব্দুল্লাহ্ মাখদুম হাজী হজ্বে চলে যাওয়ার কারণে আমি আমার গ্রামে ফিরে আসি এবং আমার প্রথম উস্তাদ 'সাঈদ মাহমুদ খান মাখদুম হাজীর' অভিমুখে রওয়ানা হই। তাঁর নিকট আমি **১৯৮৬** সাল পর্যন্ত 'আল লু-লু- ওয়াল মারজান' ও 'মিশকাতুল মাসাবীহ্' কিতাবদ্বয় অধ্যায়ন করি। 'সাঈদ মাহমুদ খান মাখদুম হাজী' যখন হজ্বে যাওয়ার ইচ্ছে করলেন, তখন তিনি আমাকে 'মাওলানা মুহাম্মাদ তুখতী আখন্দ খলিফার' হাতে সোপর্দ করেন। তাঁর কাছে আমি 'কারইয়া' প্রদেশের 'মুগালা' শহরে **১৯৯০** সাল পর্যন্ত নিম্নোক্ত কিতাবগুলো অধ্যায়ন করি: "তাকমিলাতু

মিশকাতিল মাসাবীহ্, তাফসীরুল জালালাইন, সাফওয়াতুত তাফাসীর, তাফসীরুল বাইদাবী, হিদায়াতুন নাহু, আল কাফী, আলফিয়াতু ইবনে মালিক" এবং মানতেক শাস্ত্রের "ইসা গুজী, ক্বালা আক্কুলু" ও বালাগাত শাস্ত্রের "তালখীসুল মিফতাহ্"। পাশাপাশি ইতিপূর্বে আমি যে সকল কিতাবাদি অধ্যায়ন করেছিলাম সেগুলোও পুনরায় পাঠ করি এবং অনেক উপকারিতা লাভ করি। অতপর আমি প্রায় পনের জন ছাত্রকে পাঠদান করা শুরু করি। এই বিদগ্ধ মাওলানা সাহেব থেকে আমি অনেক উপকারিতা লাভ করি যেমনঃ

১-ইতিপূর্বে আমি যে সকল কিতাবাদি অধ্যায়ন করেছিলাম সেগুলো তার নিকট পুনরায় পাঠ করা এবং পাশাপাশি আমি তার নিকট যে সকল কিতাব অধ্যায়ন করেছি, সেগুলোও তিনি অত্যন্ত পরিশ্রম করে পাঠদান করিয়েছেন।

২-তিনি আমাকে হিজরত এবং জিহাদের পথে পথনির্দেশ করেছেন ও হাঁটতে শিখিয়েছেন।

৩-আমি তার নিকট সুরা তাওবা ও আনফাল এর ব্যাখ্যা অধ্যায়ন করেছি পূর্ণাঙ্গ বিশ্লেষণের সাথে।

আমরা যুবকদের একটি দল জিহাদ ও সামরিক বিজ্ঞানে অত্যন্ত উৎসুক ও আগ্রহী ছিলাম। তখন আমি আমার এক সহপাঠীর সাথে পায়ে হেঁটে স্থলপথে পর্বত বেয়ে পাকিস্তান অভিমুখে হিজরত করার ব্যাপারে চুক্তিবদ্ধ হয়েছিলাম। কিন্তু এ কাজটি তখন আমাদের পক্ষে সহজসাধ্য হয়ে ওঠেনি।

৪-এই বিদগ্ধ আলেমের নিকট আমি "আল ওয়ালা ওয়াল বারার" আকিদা শিক্ষালাভ করেছি। এ আকিদার দৃষ্টান্তমূলক তার একটি ঘটনা রয়েছে, যা নিম্নরূপঃ

মাও সেতুং যখন চীনের কমিউনিস্ট সরকার নিযুক্ত হল, তখন চীনা সরকার পূর্ববর্তী তুর্কিস্তানের প্রেসিডেন্ট সাইফুদ্দীন আযীয তুর্কিস্তানের বড়বড় ওলামায়ে কেরামকে মাও সেতুংয়ের সাথে সাক্ষাৎ করা ও প্রেসিডেন্টর পদে ক্ষমতাসীন হওয়ায় তাকে শুভেচ্ছা জানানোর জন্য ডাকলেন। তখন অন্যান্য আলেমদের সাথে মাওলানা মুহাম্মাদ তুখতী আখন্দও বেইজিং শহরে গেলেন। তারা বেইজিংয়ে পৌছার পর মাও সেতুং এর সাথে সাক্ষাৎ করার পূর্বে তাদেরকে আসা যাওয়া ও সালাম-কালামের নিয়ম-নীতি শিক্ষাদান করা হয়। যেন এই জালিমের সাথে শিষ্টাচার পরিপন্থী কোন আচরণ প্রকাশ না পায়। সে সময় এই আলেমের অবস্থান এই ছিল যে, তিনি তাকে অভিবাদন জানানোর জন্য হাত বাড়ানো থেকে বিরত থাকেন এবং ফিরে আসার সময় তাকে তুচ্ছজ্ঞান করে ইচ্ছাকৃতভাবে এড়িয়ে চলেন। তাকে যখন এ ব্যাপারে প্রশ্ন করা হল: আপনি এমনটি কেন করলেন? তখন তিনি লোকদের থেকে এর উত্তর গোপন রাখলেন। অতঃপর তিনি তুর্কিস্তানে ফিরে আসার পর তার কতক বন্ধুর নিকট বিষয়টি বর্ণনা করলে ধীরে ধীরে বিষয়টি চারদিকে ছড়িয়ে পড়ে। এমনকি অনেকেই বিষয়টি জেনে ফেলে। তখন তাকে তলব করা হলে ও সে বিষয়ে জিজ্ঞাসা করা হলে তিনি সেই ঘটনাকে

অস্বীকার করলেন না। তখন সেই জালিম শাসক তাকে বিভিন্ন প্রকার শাস্তি প্রদান, অবমাননা করা ও তার দাড়ি উপড়ে ফেলা শুরু করে।

অতঃপর এই বিদগ্ধ আলেম হিজরত করা ও দেশ থেকে বেড়িয়ে যাওয়ার ইচ্ছা করেছিলেন। কিন্তু গ্রেফতার হয়ে যান ও তাকে পনের বৎসরের জেল প্রদান করা হয়।

এই ঘটনাটি আল ওয়ালা ওয়াল বারার একটি বাস্তবিক ঘটনা। যা আমরা তার ক্লাসে থাকাবস্থায় তিনি আমাদের নিকট বর্ণনা করেছিলেন।

৫- তার নিকট থেকে আমি দুনিয়ার প্রতি অনাসক্তি, খোদাভীরুতা ও তাক্বওয়া শিক্ষালাভ করি। আমরা প্রতি সপ্তাহে দুইবার কুরআন খতম করতাম; একবার মাদরাসায় আরেকবার জুমআর দিন মসজিদে। কুরআন খতম করার পর তিনি আল্লাহর দরবারে দোআর ভেতর কান্নাকাটি-রোনাজারী শুরু করে দিতেন। ছাত্রদের মধ্যে কেউ যখন কান্না না করতো তখন তিনি তার প্রতি রাগ হয়ে যেতেন এবং বলতেন, “আল্লাহর দরবারে কি তোমার কিছুই চাওয়ার নেই?!” তিনি সংযমী ও অনাড়ম্বর জীবনযাপন ভালবাসতেন এবং ছাত্রদেরকে তার উপর উদ্বুদ্ধ করতেন।

১৯৯০ সালে যখন আমার বয়স ১৯ বৎসর, তখন আমি কৃষিকাজে আমার বাবাকে সাহায্য করার জন্য বাড়িতে ফিরে আসি এবং গ্রামের ছাত্রদের পাঠদানে মশগুল হয়ে যাই। সে সময়ে আমি আমার কতক পাকিস্তানস্থ বন্ধুর নিকট আবেদন জানাই আমার জন্য পাকিস্তান সফরের একটি ভিসা পাঠাতে। সেই ভিসা এসে পৌছে এবং আমিও পাসপোর্ট করার জন্য পুলিশের নিকট যাই। কিন্তু পুলিশ আমার ভিসার কোন গুরুত্ব দেয়নি; বরং সে আমার নিকট অনেক টাকা দাবী করে। যা আদায় করতে আমি সক্ষম হইনি ও ভিসা ছেড়ে দিয়েছি।

সে বৎসরের শেষের দিকে আমি ‘জাওমা’ প্রদেশে ‘উস্তাদ মুহাম্মাদ আমিন জান দামুল্লাহ’র নিকট যাই। যিনি পাঠদানের ক্ষেত্রে বিশিষ্ট আলেমে দ্বীন ‘আব্দুল হাকীম মাখদুম হাজীর’ সর্বাধিক উল্লেখযোগ্য ছাত্র ছিলেন। আর দা'ওয়াতের ক্ষেত্রে ‘শহীদ আবু মুহাম্মাদ হাসান মখদুম’ তারচে’ বেশি প্রসিদ্ধ ছিলেন। এবং ‘উস্তাদ মুহাম্মাদ আমিন জান দামুল্লাহ’ ‘শহীদ আবু মুহাম্মাদ হাসান মখদুমের’ সহপাঠী ছিলেন।

তাঁর নিকট আমি নিম্নোক্ত কিতাবগুলো পড়েছি:

বালাগাত শাস্ত্রের মুখতাসারুল মাআ'নী।

মানতেক শাস্ত্রের মিরক্বাত, শামসিয়্যাহ্, শামসিয়্যাহর শরাহ হাশিয়াতুল কুতবী।

উসূলুল ফিক্বহ শাস্ত্রের উসূলুশ শাশী, নূরুল আনওয়ার, তালবীহের শরাহ তাওযীহ।

হাদীস শাস্ত্রের সহীহ্ বুখারী, ইমাম নববীর শরাহ সহকারে সহীহ্ মুসলিম।

তাফসীর শাস্ত্রের তাফসীরুল জালালাইন, বাইদাবী।

আমি **১৯৯৫** সালের শুরুর দিকে কমিউনিস্টদের পক্ষ থেকে 'জাওমা' প্রদেশের পরিস্থিতি জটিল হওয়ার কারণে 'উস্তাদ মাওলানা জাকির আখন্দ খলীফার' নিকট চলে যাই এবং তার নিকট 'আল ফরায়েজ ওয়াল মাওয়ারীস' কিতাবটি অধ্যায়ন করি। ইনি একজন সালাফি আকিদা বিশিষ্ট লোক ছিলেন। লোকেরা তাকে 'ওয়াহাবী' বলে ডাকতো।

আমি তার একটি ঘটনা বলছি: আমি ও আমার একজন সহপাঠী যখন তার নিকট গেলাম, তখন তিনি আমাদের নিকট আমাদের পরিচয়পত্র সম্পর্কে জিজ্ঞাসা করলেন। তার এই প্রশ্নের কারণে আমি হতচকিত হয়ে গেলাম। আমার নিকট তখন কোন পরিচয়পত্র ছিল না এবং ওলামায়ে কেরাম এতে অভ্যস্ত ছিলেন না যে, ছাত্রদেরকে তাদের পরিচয়পত্র সম্পর্কে জিজ্ঞাসা করবেন। কিন্তু আমার সহপাঠীর নিকট তার পরিচয়পত্র ছিল। সে তা বের করে দেখালো ও আমার ব্যাপারে চুপ থাকলো। আমরা যখন তার নিকট এর কারণ জানতে চাইলাম তখন তিনি আমাদেরকে একটি ঘটনা শুনালেন। একবার পুলিশদের থেকে পালিয়ে আসা খুনী আসামীদের একজন তালিবুল ইলমের ছদ্মাবরণে তার নিকট এসে আশ্রয় নিয়েছিল। পরে পুলিশ এসে তাকে গ্রেফতার করে ও সেই আলেমের প্রতি এই অভিযোগ তুলে যে, তার নিকট আসামীরা আশ্রয় পায়। সেই ঘটনার পর থেকে তিনি তার কাছে আসা ছাত্রদেরকে অভ্যর্থনা জানানোর ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করেন ও তাদের অবস্থা সম্পর্কে জিজ্ঞাসা করেন।

ফরায়েজ পড়া শেষ হওয়া ও পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর তিনি আমাদেরকে বলেন যে, আমরা যদি তার নিকট কমপ্লিট করি, তাহলে আমরা কাজী (বিচারপতি) হবো এবং মানুষদের মাঝে এ বিষয়ে ফয়সালা করবো। অতঃপর আমি আমার গ্রামে ফিরে আসি এবং আব্দুল হাকীম মাখদুম হাজীর সহপাঠী প্রখ্যাত আলেমে দ্বীন 'মুহাম্মাদ সাঈদ দামুল্লাহ'র নিকট যাই। তিনি (তুর্কী ভাষার) "জামিয়ায়ে খানলাক মাদরাসা" তথা তুর্কীস্তানের কাশগর প্রদেশের সুলতানদের দিকে সম্পৃক্ত একটি সুলতানি মাদরাসা থেকে ফারেগ হয়েছেন। তার নিকট আমি আরবি সাহিত্যের মাক্বামাতে হারীরী অধ্যায়ন করি এবং তার ওখানে আমি **১৯৯৬** সাল পর্যন্ত বড় ছাত্রদের মাঝে পাঠদানে ব্যস্ত থাকি।

এ বছরের রমজান মাসে সরকার একশো দিন ব্যাপি ব্যাপকভাবে গ্রেফতার অভিযান শুরু করে এবং অনেক ভাইদেরকে গ্রেফতার করে। তন্মধ্যে আমার চাচাতো ভাই আব্দুর রহীম মাখদুমও রয়েছে। তাকে সরকারের অনুমতি ব্যতিত মানুষদেরকে আল্লাহর প্রতি দাওয়াত দেয়ার অভিযোগে দেড়

বছরের কারাগারের রায় দেওয়া হয়। এই গ্রেফতার অভিযানের কারণ হল, 'কোরলা' প্রদেশে পুলিশদের কয়েকটি অস্ত্র চুরি হয়ে যায়। এ ঘটনার দুদিন পর

আমার এক ছাত্রের বাবা আমার নিকট এসে আমাকে সংবাদ দিল যে, পুলিশ আমাকে খুঁজছে এবং আজ রাতে আমাকে গ্রেফতার করতে চাচ্ছে। সে আমাকে পরামর্শ দেয় যে, আমি যেন বাড়িতে না যাই। বাস্তবিকই মাগরিবের পর পুলিশ আমাকে খুঁজতে আসে এবং আমার মাকে আমার সম্বন্ধে জিজ্ঞাসা করে। তিনি তাদেরকে জওয়াব দেন যে, আমি রাগ করে বাড়ি থেকে বেড়িয়ে গেছি এবং আমি কোথায় গেছি তা তারা জানেন না। পুলিশ একই উদ্দেশ্যে দ্বিতীয় ও তৃতীয় দিনও আসে। আমি তখন আমার বাড়ি থেকে দূরে অন্যত্র সরে গিয়েছিলাম।

অতঃপর আমি পাসপোর্ট সংগ্রহ করার জন্য রাজধানী "উরুমছি" শহরে সফর করি। সরকারের অস্ত্র চুরি হওয়ার কারণে তখন শহরগুলির প্রবেশ ও প্রস্থান দ্বারগুলোতে নিরাপত্তা শর্তগুলি কঠোর ছিল। অতঃপর আমি "উরতুশ" শহরে যাই এবং সেখানে আমি আমার এক ছাত্রের বাড়িতে এক সপ্তাহ অবস্থান করি। এরপর আমি "তুরফান" প্রদেশে আমার এক সহপাঠীর নিকট যাই এবং তার ওখানে প্রায় দুই সপ্তাহ অবস্থান করি। তার কাছে আমি আবদার জানিয়েছিলাম আমার পাসপোর্ট সংগ্রহে সাহায্য করতে; কেননা তার বড়ভাই পুলিশে চাকুরী করতো। কিন্তু সে আমাকে কোন সহায়তা করেনি। কেননা সে এটা পছন্দ করতো না যে, আমি এ দেশে শিক্ষকতা করা ছেড়ে দিয়ে হিজরত করে চলে যাই। সে বলতো, "জাতির শিক্ষাদানে তোর মতন লোকের আমাদের প্রয়োজন"।

অতঃপর আমি "উরুমছি" শহরে একই উদ্দেশ্য আবার যাওয়ার সিদ্ধান্ত নিই। এমতাবস্থায় আমি এমন একজনের সাথে সাক্ষাৎ করি, যারা পাসপোর্ট তৈরীর কাজ করে। সে আমাকে চীন থেকে প্রথমে রাশিয়া, অতপর কাজাকীস্তান, অতপর পশ্চিম জার্মানে যাওয়ার জন্য পরামর্শ দেয়। তখন আমি এই চিন্তাধারা প্রত্যাখ্যান করি এবং বলি যে, "আমি কুফরী রাষ্ট্রে গণতান্ত্রিকদের নিকট যেতে চাই না"। অতঃপর আমি সিদ্ধান্ত নেই যে, আমি "উরুমছি" শহর থেকেই পাসপোর্ট সংগ্রহ করবো এবং খুব চেষ্টাও চালিয়ে যাই। পরিশেষে আমি জানতে পারি যে, পাসপোর্ট পেতে হলে "উরুমছি" শহরে আমাকে আগে নিবন্ধিত হতে হবে এবং এরপর ১৯৯৭ সালে আমি তা সংগ্রহ করি।

**কারাগারে**

সেখানে কিছু সংখ্যক পর্দানশিন মেয়েরা আমার নিকট অধ্যায়ন করতো। তখন একটি ঘটনা ঘটে। তাদের একজনের ভাই এক কমিউনিস্ট কর্মচারীকে প্রহার করে তাকে গুরুতর যখম করেছিল। পুলিশ মনে করেছিল তাঁর সাথে আমার সম্পর্ক রয়েছে এবং আমি তাঁকে এ কাজে উদ্বুদ্ধ করেছি। ফলে তারা আমাকে গ্রেফতার করে। আমি কারাগারে প্রায় দুইমাস অবস্থান করি। অতপর ২০০০

ইয়োন জরিমানা দিয়ে (যা সে সময় ৩০০ ডলারের সমান ছিল) গৃহবন্দির শর্তে জামিনে বের হয়ে আসি। এর এক সপ্তাহ পরই আমি বাড়ি থেকে বেড়িয়ে অন্য প্রদেশ "কিরইয়া"য় যাওয়ার কারণে পূণরায় গ্রেফতার হই এবং তারা আমাকে প্রায় পাঁচ দিন বন্দি করে রাখে। বেড়িয়ে আসার পর আমি বুঝতে পারি যে, তারা আমাকে কখনোই ছাড়বে না। তাই আমি সিদ্ধান্ত নিই যে, পরিস্থিতি ঠান্ডা হওয়া পর্যন্ত আত্মগোপন করে থাকবো এবং এরপর হিজরত করবো।

আমি "খুতান" শহরে যাই এবং বের হওয়ার ছাড়পত্র পাই। এ সময়ে পুলিশ আমাকে সর্বদাই খুঁজে বেড়িয়েছে; কিন্তু কোথাও পায়নি। ফলে আমার কারণে আমার বোন ও তার স্বামীকে ধরে নিয়ে যায়। অতঃপর আমি উরুমছি শহরে যাই। সেখানে আমাকে ঐ সকল ব্যবসায়ী ভাইদের একজন স্বাগত জানায়, যারা আমার পার্টনার ছিল। সে আমার জন্য হোটেলে একটি জাঁকজমকপূর্ণ রুম ভাড়া করেছিল যেন, পুলিশ আমাকে না খুঁজে।

ওখানে পৌছে আমি সেই ভাইয়ের সাথে যোগাযোগ করি, যিনি নয় বৎসর পূর্বে আমার হিজরতের সঙ্গী হয়েছিল। তিনি সেই শহরেই বসবাস করতেন। তিনি যখন আমার পৌছানোর কথা জানতে পারলেন তখন তিনি অত্যন্ত আনন্দিত হলেন এবং আমাকে তার বাড়িতে নিয়ে গেলেন। আমি তাকে অবহিত করলাম যে, আমি হিজরত করতে চাচ্ছি। সে তাঁর কতিপয় উস্তাদদের নিকট আমার হিজরতের কথা জানালে তারা এই যুক্তিতে তা প্রত্যাখ্যান করে দিল যে, দাওয়াতের স্বার্থে আমার দেশে থাকার প্রয়োজন। তখন আমি তার সাথে বিতর্কে জড়িয়ে গেলাম ও তাকে প্রশ্ন করলাম যে, আমরা উভয়ে নয় বৎসর পূর্বে একসঙ্গে কিসের ওপর সম্মত হয়েছিলাম!? সে এক মসজিদের খতিব ছিল আমি তাকে বললাম, তুমি কিছুতেই এ দেশে হক্কের আওয়াজ বুলন্দ করতে পারবে না। তারা তোমাকে কখনোই ছাড়বে না। তারা নিঃসন্দেহে তোমাকে কারাবন্দী করবে। এবং আমি তাকে সংবাদ দেই যে, আমি আল্লাহর রাস্তায় জিহাদ করতে ও সামরিক শিক্ষায় শিক্ষিত হতে চাচ্ছি।

**হিজরতের সূচনা**

মার্চ মাসে আমরা বাজারে গেলাম ও সফরের বিশেষ পোষাক 'ট্রাউজার্স ও শার্ট' খরিদ করলাম। এর একদিন পর এই দুই ভাই আমাকে উরুমছি শহরের এয়ারপোর্ট থেকে বিদায় জানালো এবং ব্যবসায়ী ভাইটি আমাকে ১১০০ ডলার দিল ও বিমানের টিকিট ক্রয় করে দিল। বিমানবন্দরের ওয়েটিং রুমে আমি পাকিস্তান ও তুর্কীস্তানের যাত্রীদেরকে বিমানের জন্য অপেক্ষা করতে দেখলাম। এবং তাদের মাঝে আনুমানিক ত্রিশ বৎসর বয়সী এক যুবককে দেখতে পেলাম। তার সাথে পরিচয় বিনিময় করার জন্য আমি তার কাছে গেলাম। আমি তাকে পথের বিভিন্ন তথ্য জিজ্ঞাসা করলাম এবং জানতে পারলাম যে, সে 'খুতান' শহরে আমার উস্তাদ 'মুহাম্মাদ জাকির আখন্দের' নিকট পড়েছে। এরপর সে

ইসলামাবাদের ‘জামিআ ফয়সাল’ এ পড়াশুনা করেছে। তার নিকট এ সকল তথ্য পেয়ে আমার হৃদয় প্রশান্ত হয়ে যায়। তখন আমি সে স্থান ত্যাগ করে তার থেকে দূরে অবস্থান করি, যেন কমিউনিস্ট গোয়েন্দারা আমাদের ব্যাপারে কোন সন্দেহ করে না বসে। বিমানে আরোহণের পর আমি তার থেকে বিস্তারিত তথ্য জানার জন্য তার আসনে গেলাম ও তাকে জানালাম যে, আমি পড়াশুনার জন্য পাকিস্তানে যাচ্ছি।

**পাকিস্তানে**

আমরা যোহর নামাযের পূর্বে ইসলামাবাদের বিমানবন্দরে পৌছার পর আমি এক তুর্কীস্তানী ছাত্রের সাথে সাক্ষাৎ করি। সে আমাকে স্বাগত জানায়। আমি তার নিকট আমার পরিচয় তুলে ধরলে সে আমাকে আমার পাকিস্তানে আগমনের কারণ জিজ্ঞাসা করে। আমি বললাম যে, আমি আল্লাহর রাস্তায় ই'দাদ গ্রহণ ও জিহাদ করার জন্য বের হয়েছি। তখন সে আমাকে মুচকি হেসে বলল, আমরা ইসলামাবাদের ‘জামিআ ইসলামিয়া’ তে যাব, আপনি তৈরী হয়ে নিন।

আমরা জামিআর ছাত্রাবাসে তুর্কীস্তানী ভাইদের নিকট গেলাম। সেখানে প্রায় পঞ্চাশ জন ভাই পড়াশুনা করতেন। নাস্তার পর আমরা ‘মসজিদে ফয়সালে’ গেলাম। সেখানে জামিআর প্রিন্সিপাল ও উস্তাদদের সাথে ছাত্রদের এক বার্ষিক সভা অনুষ্ঠিত হচ্ছিল। আমি সভাকক্ষে কোনরকম ইন্টারভিউ ও জিজ্ঞাসাবাদ ছাড়াই প্রবেশ করি। জামিআয়ে ইসলামিয়ার প্রিন্সিপাল ডঃ শাইখ আহমাদ আল আসসালের বক্তৃতা শুরু হয় এবং তাতে তিনি বিশুদ্ধতর আরবি ভাষায় কথা বলেন, যার সবটাই আমি বুঝেছিলাম। সেখানে তিনি একপর্যায়ে সাইয়্যেদুনা হযরত খুবাইব রাযিয়াল্লাহু আনহুর নিম্নোক্ত শ্লোকটি পাঠ করেছিলেন:

**ولست أبالي حين أقتل مسلما # علي أي جنب كان في الله مصرعي**

অর্থাৎঃ আমাকে যখন মুসলিম হওয়ার অপরাধে হত্যা করা হচ্ছে, তখন আল্লাহর ওয়াস্তে আমার মৃত্যুবরণ যে পার্শ্বেই হোক না কেন, এতে আমার কোন পরোয়া নেই।

তখন আমি ভীষণ আনন্দ অনুভব করি যে, আমি একটি ইসলামী ভূখন্ডে রয়েছি। তার বক্তৃতা প্রায় দুই ঘন্টা যাবৎ দীর্ঘায়িত হয়। এরপর একজন তালিবে ইলম আমাকে বাইরে ডেকে নিয়ে যায়। কেমন যেন আমি যে ই’দাদ ও জিহাদের জন্য এসেছি, তা সে জানে। সে আমার নিকট প্রশিক্ষণ শিবিরের কিছু প্রশিক্ষণের বিবরণ দেয়। সে আমাকে প্রশিক্ষণ শিবিরের ব্যাপারে খুব বেশি আগ্রহী করে তেলে; কিন্তু সে আমাকে এ সংবাদ দেয়নি যে, এ সকল সেনা ক্যাম্প কোথায় পাওয়া যাবে; পাকিস্তানে নাকি আফগানিস্তানে?

এক সপ্তাহ পর আমার পাকিস্তানী পোষাক ক্রয় করার জন্য দু'জন ছাত্র আমার সাথে বাজারে যায়। সেদিনই মাগরিবের পর তারা আমার সাথে কাশগরীদের 'কাশগর রিবাত' সরাইখানায় যায়। আমি একটি রুমে প্রবেশ করি। সেখানে লম্বা চুল ঘন দাড়ি বিশিষ্ট এক ব্যক্তি বসা ছিলেন। তিনি মূলত 'তুর্কিস্তান ইসলামিক পার্টি'র এক ভাই ও পাকিস্তানস্থ জিম্মাদার ছিলেন। সালাম মুসাফাহা ও অভ্যর্থনা জ্ঞাপনের পর তিনি আমাকে বললেন, 'তুমি এখন ইসলামের মুজাহিদ হয়ে গিয়েছো'। এ কথা শুনে আমি আনন্দিত ও অনুপ্রাণিত হই।

ফজরের পর তিনি আমাকে এক তুর্কীস্তানী ভাইয়ের সাথে আফগানিস্তানে পাঠান। আমরা গাড়ি যোগে 'মিযান শাহ্' রোড দিয়ে আছরের পর মাগরিবের কিছুক্ষণ পূর্বে আফগানিস্তানের খোস্তে পৌছি। আমরা যখন খোস্ত স্টেশনে পৌছেছিলাম তখন আমাদের সামনে একটি লাল পিকআপ গাড়ি দাড়িয়েছিল এবং তা থেকে একজন নেমে আমাদেরকে স্বাগত জানিয়েছিল ও আমাদের সাথে মুআ'নাক্বা করেছিল, যেন সে আমাদেরকে পূর্ব থেকেই চিনে। ইনি ছিলেন 'শাইখ আবু মুহাম্মাদ রহঃ' এর ড্রাইভার 'যবীহুল্লাহ'। তিনি আমাদেরকে খোস্ত শহরের ভাইদের ঘাঁটিতে নিয়ে যান এবং আমরা ভাই 'বিলাল রহঃ' এর সাথে সাক্ষাৎ করি। তিনি সাবেক আমির ভাই 'আবু মুহাম্মাদ হাসান মাখদুমের' পক্ষ থেকে খোস্তের জিম্মাদার ছিলেন। তারা সকলেই আমাকে অভ্যর্থনা জানায়। এগুলো হয়েছিল ১৯৯৭ সালের এপ্রিল মাসে।

আমি যখন খোস্তে পৌছি এবং ভাই বিলাল রহঃ আমাকে অভ্যর্থনা জানায় তখন ভাই আবু মুহাম্মাদ সেখানে বিদ্যমান ছিলেন না। তিনি তার স্থানে ভাই বিলালকে নিযুক্ত করে দিয়েছিলেন। তিনি সে সময় 'স্বাধীন পূর্ব তুর্কীস্তান' সংগঠনকে 'তুর্কিস্তান ইসলামিক পার্টি'র সাথে যুক্ত করা ও একাত্বতা পোষণ করার আহবান জানাতে মধ্য এশিয়ার রাষ্ট্রগুলোতে গিয়েছিলেন। ভাই বিলালের রহঃ সাথে সাক্ষাৎ করার পর আমি ঘুমিয়েছিলাম। তিনি আমাকে জাগ্রত করার সময় 'আব্দুল হক্ব' বলে ডাকলেন। তাই সে নামকেই আমি এখন পর্যন্ত আমার ডাকনাম হিসেবে গ্রহণ করেছি। অতঃপর তিনি আমার নিকট প্রথমে বিভিন্ন তথ্যাবলী সম্বলিত প্রশ্নে পরিপূর্ণ একটি ফরম পেশ করেন যেন আমি তা ফিলাপ করে দেই। এরপর ইসলামী দলের সদস্যপদে যোগদান করার আবেদনপত্র পেশ করেন।

অতঃপর তিনজন আরব ভাই এসে উপস্থিত হন। তাদের একজন আমাকে পূর্ব তুর্কিস্তানের মুসলমানদের অবস্থা ও আল্লাহর পথের হিজরত জিহাদের ব্যাপারে তাদের আগ্রহ সম্পর্কে জিজ্ঞাসা করেন। আমি তাকে জবাব দিলাম যে, সেখানকার মুসলমানরা আল্লাহর পথের হিজরত ও জিহাদের প্রতি আগ্রহান্বিত হয়ে আছে। তারা তুর্কিস্তান থেকে আফগানিস্তানে আসার পথ অন্বেষণ করছে।

অতঃপর আমাদের নাস্তা খাওয়ার পর ভাই বিলাল রহঃ ক্যাম্পের জিম্মাদার ভাইয়ের সাথে মাশওয়ারা করেন যে, আমাকে যেন তিনি তাদের ক্যাম্পে প্রেরণ করেন। খোস্ত শহরে ঈদুল আযহার জামাতে শরীক হওয়ার সময় আমি ধবধবে সাদা পাগরীধারী তালেবানদের দেখি যে, তারা অস্ত্র নিয়ে গাড়ীতে চড়ে ঈদগাহের আশপাশে টহল দিচ্ছে।

আমি কিছু সংখ্যক আরব ভাইদের সাথে ক্যাম্পে গেলাম। তন্মধ্যে ক্যাম্পের শরয়ী বিভাগের জিম্মাদার শাইখ আবু আব্দুল্লাহ মুহাজিরও ছিলেন। আমাদের অভ্যর্থনায় ক্যাম্পের আমীর ছিলেন। সেখানে আমার ভিত্তি কোর্স শুরু হয়ে যায়। আমি লক্ষ্য করি যে, ক্যাম্পের ভাইদের মধ্যে যারা জামাতে পিছে পড়ে যায় তাদেরকে শাস্তি প্রদান করা হয়। একবার আমার তাকবিরে তাহরিমা ছুটে গেলে জিম্মাদার ভাই আমাকে 'যাকীবীক পাহাড়ে' আরোহণ করিয়ে শাস্তি প্রদান করেন। নামাযের জামাতের প্রতি তাদের গুরুত্বের কারণে এই শাস্তিতে আমি আনন্দিত হই।

প্রশিক্ষণের দু'মাস পর ভাই আবু মুহাম্মাদ হাসান মাখদুম রহঃ ক্যাম্পে আসেন এবং এবার-ই প্রথমবারের মত আমি তার সাথে পরিচিত হই। তার সাথে ভাই আব্দুল কাদের আহমাদ, মুখতার আফিন্দী ও ক্বারী ইউসুফ ছিলেন। ক্যাম্পের ভেতর আমরা প্রায় দশজন ছিলাম। তিনি আমাদেরকে বাহিরের ভাইদের অবস্থা ও তার সফর কতদূর পর্যন্ত হয়েছিল সে সম্পর্কে অবগত করেন।

ভিত্তি কোর্স শেষ করার পর আমরা 'যুদ্ধকৌশল কোর্স' শুরু করি। তখন আমি তুর্কিস্তানে অবস্থিত ভাইদেরকে হিজরতের প্রতি উদ্বুদ্ধ করার জন্য তাদের সাথে যোগাযোগ করার চেষ্টা করি; কিন্তু এখন পর্যন্ত আমার কোর্সের নির্ধারিত সময় শেষ না হওয়ার কারণে খোস্ত ঘাঁটির জিম্মাদার ভাই আমাকে নিষেধ করেন।

তিনি আমাকে তিন ভাইয়ের সাথে কাবুলে প্রেরণ করেন। আমরা যখন কাবুলে আমাদের ঘাঁটিতে পৌছি তখন সেখানে তালেবানদের সাথে একটি ঘটনা ঘটে যায়। আর তা হল, আমরা মধ্য এশিয়ায় জিহাদী আন্দোলনের ভিডিও দেখতে বসেছিলাম। আমাদের ভিডিও দেখাবস্থায় 'আমর বিল মা'রুফ নাহি আনিল মুনকার জামাত' দরজায় কড়া নেড়ে ভিতরে প্রবেশ করে এবং আমাদের ভিডিও সেট ও টেলিভিশন জব্দ করে নিয়ে যায়। আমরা তাদেরকে খুলে বলতে চাইলাম যে, এটি একটি রাজনৈতিক ও ঐতিহাসিক ভিডিও, এটি কোন মিউজিকাল ভিডিও নয় এবং এতে কোন মহিলাদেরও চিত্র নেই; কিন্তু তারা আমাদের কথাই শুনলো না; বরং তা নিয়ে তারা বেরিয়ে চলে গেল। তালেবানদের এই অবস্থান দেখে আমি বিস্মিত হয়ে যাই এবং মনে মনে আনন্দিত হই। আমার স্মৃতিপটে ভেসে উঠলো আমাদের দেশের কমিউনিস্ট সরকারের জুলুম ও রাতের বেলা বাড়ীতে হানা দিয়ে অর্থকড়ি সামানা-পত্র হাতিয়ে নেয়ার কথা, তালেবান ও তাদের মধ্যে কত বিরাট পার্থক্য! কমিউনিস্টরা বাড়ীর

আসবাবপত্র ও সামগ্রী চুরি-ডাকাতি করে নিয়ে যায়, বাড়ীর লোকদের ইজ্জত নষ্ট করে এবং কুরআনুল কারীম ও দ্বীনি কিতাবাদি ছিন্নবিচ্ছিন্ন করে ফেলে। আর তালেবানরা বিনোদনের আসবাবপত্রকে ধ্বংস করার প্রতি আগ্রহী থাকে, যদিও তা মুবাহ কোন বিষয় হোক না কেন!

সেদিন-ই আমরা আবু মুহাম্মাদ ভাইয়ের সাথে সাক্ষাৎ করি। তিনি আমাদেরকে নির্দেশ দেন আমরা যেন আমাদের ওসিয়ত লেখে দেই। আমাদের ওসিয়ত লেখার পর আমরা আরব ভাইদের ঘাঁটিতে যাই এবং তাদের আমিরের সাথে সাক্ষাৎ করি ও তার সাথে আমরা বাগরাম শহরের আরব ভাইদের ফ্রন্টে যাই। তাদের আমির ছিলেন একজন ইরাকি ভাই। আমরা সেই প্রহরা ঘাঁটিতে দিনরাত ২৪ ঘন্টা টহল দিতাম এবং দিনের বেলা সামরিক দূরবীনের মাধ্যমে শত্রু ও শত্রুদের গাড়ীর গতিবিধি পর্যবেক্ষণ করতাম। সেখানে আমাদের ও শত্রুদের কারো পক্ষ থেকেই কোন আক্রমণ নিক্ষেপণ না থাকার কারণে আমরা বিরক্ত হয়ে গিয়েছিলাম। ফলে আমার সঙ্গীরা কাবুলে ফিরে চলে যায়।

এ সময়ের ভেতর আমরা তত্ত্বগতভাবে ট্যাংক চালনায় প্রশিক্ষণ লাভ করি এবং সেখানে প্রায়োগিকভাবে গোলা নিক্ষেপের অনুমতি ছিলনা। এই সময়কালে খোস্ত শহরে শাইখ উসামা বিন লাদেন রহঃ এর ক্যাম্পে বোম্বিং করা হয় এবং এই বোম্বিংয়ের দরুন আমরা ভাই আবু বকর তুর্কীস্তানীর শাহাদাতের সংবাদ পাই। এই ভাই আমার বন্ধু ছিলেন। তাঁর সাথে অন্যান্যরাও আহত হয়েছেন।

**সামরিক অপারেশনে অংশগ্রহণ**

তুর্কী ভাইদের চলে যাওয়ার প্রায় দশদিন পর কতিপয় ভাইয়ের সাথে ফ্রন্টের আমির ভাই এসে উপস্থিত হন এবং একই ঘাঁটিতে আমাদের সাথে রাত্রিযাপন করেন। রাত দুইটা বাজে আমরা ‘সকলেই জেগে উঠুন’ ঘোষকের এই আওয়াজে ঘুম থেকে উঠি। পরিখা থেকে আমরা বের হওয়ার পর শত্রুদের কামানগুলো আমাদের ঘাঁটিতে বুলেট ছুড়ছিল আর আমরা কিংকর্তব্যবিমূঢ় হয়ে দাঁড়িয়েছিলাম। তখন আমাদের মধ্যে একজন আওয়াজ দিয়ে উঠলো: ‘তোমরা কি শাহাদাত চাওনা? তাহলে তোমরা দাঁড়িয়ে কেন?’

তখন আমি অনুপ্রাণিত হয়ে সামনে অগ্রসর হই। ট্যাংক গোলাগুলো ট্যাংকের কাছেই রাখা ছিল এবং ট্যাংকের গোলা ৭৫ টি ছিল। আমরা তখন খুব দৃঢ়ভাবে তাদের জবাব দেওয়া শুরু করি; কিন্তু শত্রুরা পিছু হটেনি। অবশেষে আমরা জানতে পারলাম যে, শত্রুরা পর্বতের শীর্ষে তালেবানদের একটি ঘাঁটি দখলে নিয়ে নিয়েছে। সেখান থেকে আমাদের ঘাঁটিকে পর্যবেক্ষণ করা যায়। সকালবেলা অত্যাধিক গোলা বর্ষণের কারণে আমরা মাথা তুলতে পারছিলাম না। আছরের পর আমির ভাই আমাদেরকে একত্রিত করে উপদেশ ও নসিহত করলেন যে, আমরা কেবলমাত্র আল্লাহ তা'আলার দ্বীনেরই

প্রতিরক্ষা করিনা; বরং আমরা ভূমিরও প্রতিরক্ষা করি। আমরা যদি আমাদের স্থান ছেড়ে দেই এবং পিছনে সরে আসি তাহলে শত্রুরা কাবুলে পৌছে যাবে। এজন্যে আমরা কিছুতেই এ জায়গা ছাড়বো না। আমরা যদি একান্তই সরে যেতে বাধ্য হই তাহলে আমরা নিম্নাংশে সামান্য পিছু হটবো এবং পূনরায় সেখানে ফিরে আসবো এবং আল্লাহর ইচ্ছায় কখনোই তা শত্রুর জন্য ছেড়ে আসবো না।

আমরা আমাদের অস্ত্রশস্ত্র বন্টন করে নিলাম এবং আমি যাকীবীক তোপ নিক্ষেপণকারীর সাহায্যকারী হিসেবে ছিলাম। মাগরিবের নামাযের পর আমরা ট্যাংক, BM তোপ ও যাকীবীক তোপ দ্বারা শত্রুদের ওপর আক্রমণ করা শুরু করি এবং তালেবানরা পর্বতের পাদদেশ থেকে শত্রুদের ওপর আক্রমণ করতে থাকেন। অপারেশন প্রায় দুই ঘন্টাব্যাপী অব্যাহত থাকে। অতপর আমরা ঘাঁটির ওপর থেকে আলোকময় বুলেট উদ্ভাসিত হতে দেখলাম। তখন সকল ভাইয়েরা তাকবীর দিয়ে উঠলো। আমি তাদের জিজ্ঞাসা করলাম যে, কি হয়েছে? তারা বললেন, আলহামদুলিল্লাহ, ঘাঁটি বিজয় হয়ে গিয়েছে।

তখন আমি প্রথমবারের মত আমি জানতে পারলাম যে, তালেবানরা যখন কোন ঘাঁটি বিজয় লাভ করেন তখন তারা আলোকময় বুলেট নিক্ষেপণ করেন। ফলে আমি খুবই আনন্দিত হলাম। এটিই ছিল আমার জীবনের প্রথম সামরিক অপারেশন। আর এ বারই প্রথম আমি তালেবানদের একজনকে পর্বতের উপর শহীদ হতে দেখলাম এবং সেখানে গিয়ে আমি তাকে আমাদের ঘাঁটিগামী আহতদের এম্বুলেন্সে তালেবানদের সাথে তুলে দেই।

ঘাঁটি বিজয় লাভ করার একদিন পর রবিবার 'মুরাদ বুক ঘাঁটি'র কিছু সংখ্যক আরব ভাই শাহাদাত বরণ করেন। তাদের মধ্যে খোস্ত ক্যাম্পের আমির কমান্ডার আবুল আ'তা তিউনিশী ভাইও ছিলেন। তাই ফ্রন্টের জিম্মাদার ভাই 'মুরাদ বুক ঘাঁটি'তে যান। আমি তার নিকট যোগাযোগের স্বার্থে কাবুল যাওয়ার অনুমতি নিতে চাইলাম; কিন্তু তিনি আমাকে অনুমতি দেননি এবং বললেন, আমাদের সাথে যারা অপারেশনে অংশগ্রহণ করে তারা ঘাঁটিতেই থেকে যায়। আমার যোগাযোগ করার দ্বারা উদ্দেশ্য ছিল, আমার শাহাদাতের পূর্বেই তুর্কিস্তান থেকে ভাইদেরকে জিহাদের জন্য আফগানিস্তানে উপস্থিত করা।

পরিশেষে আমি অনুমতি গ্রহণ করি এবং কাবুলে যাই। ভাইয়েরা আমাকে কাবুল ঘাঁটির জিম্মাদার নিযুক্ত করেন। দু'মাস পর আমি যোগাযোগ করার জন্য পাকিস্তানে যাই এবং যোগাযোগ কর্ম শেষে ভাইয়েরা আমাকে আফগানিস্তানগামী একজন নতুন ভাইকে আমার সফরসঙ্গী বানিয়ে নেয়ার নির্দেশ দেন। আমরা যখন জালালাবাদের দিক দিয়ে 'ত্বরখম' প্রবেশদ্বারের নিকট পৌছি তখন সে ভাইকে পাকিস্তানী পুলিশ গ্রেফতার করে। আর আমি নিরাপদে কাবুলে তালেবানদের পররাষ্ট্র মন্ত্রণালয়ে চলে যাই; তাদের কাছ থেকে ঐ সকল কাগজপত্র সংগ্রহ করার জন্য, যা দ্বারা প্রমাণিত করা যায় যে,

তিনি আফগানিস্তানের অধিবাসী এক আফগানী। আমি যখন কাবুলে পৌছলাম তখন আবু মুহাম্মাদ আমাকে ভাই বিলাল রহঃ এর মত নতুন ভাইদের মুখপাত্র স্বরুপ ক্যাম্পের শরয়ী বিভাগে যেতে নির্দেশ দিলেন।

ক্যাম্পের জিম্মাদার ভাইয়েরা আমাকে অভ্যর্থনা জানালেন এবং সে বিভাগে আমি চার মাস পর্যন্ত বাকি থাকি। এ সময়ে আমি ক্যাম্পের শরয়ী বিভাগের জিম্মাদার শাইখ আবু আব্দুল্লাহ মুহাজিরের (উল্লেখ্য এই আত্মজীবনী লেখার সময় শাইখ সম্ভবত ইরানের কারাগারে বন্দী ছিলেন, তবে অনুবাদক যখন অনুবাদ করছেন, তার অন্তত দেড় বছর আগেই শাইখ সিরিয়ায় মার্কিন বিমান হামলায় শাহাদাত বরণ করেছেন।) নিকট জিহাদের মাসআলা-মাসায়েল ও আহলুস্ সুন্নাহ্ ওয়াল জামাত অনুযায়ী ঈমানের মূলনীতিগুলো অধ্যায়ন করি এবং সামরিক জ্ঞানের মধ্য থেকে ট্যাংক সম্পর্কিত কোর্সটি পূনরায় সম্পন্ন করি।

আমি যখন কাবুলে গেলাম তখন ভাই ইবনে ওমর রহঃ এর নিকট আমাকে দাওরাতুত তাসনি’ বা উৎপাদন কোর্সে শরীক করার জন্য আবেদন জানালে তিনি বললেন, তোমাদের মত তালিবে ইলমদের জন্য এ সকল কোর্সের প্রয়োজন নেই। তখন আমি পরিহাস করে উত্তর দিলাম যে, আমাদের মত লোকদের এ সকল বিষয়ে অজ্ঞ থাকার দরুণই তো আজ আমরা এই বশ্যতা ও লাঞ্ছনার স্বীকার হতে হচ্ছে। তখন তিনি আমার কোর্সে যোগদান করার ব্যাপারে একমত হলেন। সেই কোর্সটি দুইমাসের ছিল।

**১৯৯৯** সালের আগস্ট মাসে তালেবানরা উত্তরাঞ্চলের আহমাদ শাহ্ মাসউদের লোকদের উপর ব্যাপক আক্রমণ করার সিদ্ধান্ত নেন। এবং দলের আমির সিদ্ধান্ত নেন যে, কমান্ডার সাইফুর রহমান মানসুর ভাইয়ের নেতৃত্বে পঁচিশজন তুর্কিস্তানী ভাইকে এই হামলায় শরীক করবেন। ভাইয়েরা ট্যাংকে চড়ে রওয়ানা হন এবং ইবনে ওমর ভাই আমাকে সেনা শিবিরের জিম্মাদার নির্বাচিত করেন। এতে আমি বিষণ্ন হই; কেননা তাদের সাথে আমি কোন অপারেশনে অংশগ্রহণ করিনি।

আমাদেরকে জানানো হয়েছে যে, তালেবানরা শত্রুদের বিশাল এলাকা জয় করেছেন ও সেগুলো দখলে নিয়েছেন। আর আমাদের তিনজন আহত হয়েছেন। তারা হচ্ছেনঃ ইবনে ওমর, ছদরুদ্দীন ও অন্য আরেক ভাই। তাদেরকে চিকিৎসার জন্য কাবুলের হসপিটালে নিয়ে যাওয়া হয়েছে এবং বাকিদেরকে ফ্রন্টেই রেখে দেওয়া হয়। এ সকল জয়ের খবর শুনে আমরা প্রফুল্ল হই।

দু'দিন পর শত্রুরা তালেবানদের বাধার সৃষ্টি করে এবং অনেক সংখ্যক তালেবান ও মুহাজিরদের হত্যা করে। বাকিরা পিছু হটে এবং আমাদের বারো জন মুজাহিদ ভাই হারিয়ে যায়। হারিয়ে যাওয়াদের মধ্যে ভাইদের সামরিক জিম্মাদার ভাইও ছিলেন। দুইমাস পর আমাদের নিকট সংবাদ

পৌছে যে, জিম্মাদার ভাই ও তার সাথে থাকা অন্যান্য ভাইয়েরা মাসউদীদের হাতে গ্রেফতার হয়েছেন। যাদের মধ্যে দশজন নিরাপদে ফিরে এসেছেন ও বাকিরা শাহাদাত বরণ করেছেন। এই বাধার সম্মুখীন হওয়ার পর ক্যাম্প জনাকীর্ণ হয়ে যায়। ক্যাম্পের ভেতর শরয়ী ও সামরিক বিষয়ে পাঠদান করা হয় এবং আমি ভাইদেরকে শরয়ী শিক্ষা পাঠদান করতাম।

**শুরার সদস্য হলাম।**

**১৯৯৯** সালের নভেম্বর মাসে আবু মুহাম্মাদ ভাই শুরার সকল সদস্য ভাইদের ডাকলেন এবং তাঁদের সাথে আমাকেও ডাকলেন ও বললেন, আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, আপনাকে শুরার সদস্যপদে অন্তর্ভুক্ত করবো। আমি এই সংবাদে হতবুদ্ধি হয়ে গেলাম ও বললাম, আমি এ জিম্মাদারীর বোঝা বহন করতে পারবো না, আমি এর যোগ্য নই। তখন তিনি আমার এ ওজর প্রত্যাখ্যান করলেন ও আমাকে মজলিসে শুরায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য পীড়াপীড়ি করলেন।

**আমার উত্তরাঞ্চলে সফর**

যেসব ভাইয়েরা মে মাসে উত্তর আফগানিস্তানে গিয়েছিল তাদেরকে সামরিক ও শরয়ী বিষয়ে পাঠদান করতে আমি, ইবনে ওমর, আব্দুল জাব্বার ও আরো দুই ভাই ডিসেম্বর মাসে সেখানে যাওয়ার জন্য রওয়ানা হই এবং 'বামিয়া প্রদেশে' রাত্রিযাপন করি। দুইদিন পর আমরা মাজার শরীফের 'কেল্লা জঙ্গী' এলাকায় পৌছে সেখানে আমাদের ভাইদের সাথে সাক্ষাৎ করি। আমি তাদেরকে মুজাহিদ শাইখ আব্দুল্লাহ্ আজ্জামের রহঃ 'ফিক্বহুল জিহাদ ওয়া আদাবুহু' কিতাবটি পাঠদান করি ও অন্যান্য ভাইয়েরা তাদেরকে সামরিক বিষয়ে পাঠদান করা শুরু করেন।

ঈদুল ফিতরের দু'দিন পূর্বে আমরা মাজার শরীফ থেকে 'সারবাল প্রদেশে' তালেবানদের 'দুস্তম বাহিনী' বিরোধী ফ্রন্টে যোগদান করা আমাদের সেখানকার ভাইদের সাথে দেখা করার জন্য যাই এবং মোল্লা আব্দুস সাত্তার আখন্দ রহঃ এর সাথে সাক্ষাৎ করি। তিনি উত্তরাঞ্চলের তালেবানদের একজন কমান্ডার ছিলেন ও সেই ফ্রন্টের জিম্মাদার ছিলেন। তিনি অত্যন্ত উত্তম আখলাক বিশিষ্ট ও নীতিবান লোক ছিলেন। আমরা তাকে বলেছিলাম, আমরা আমাদের তুর্কিস্তানী ভাইদের সাথে দেখা করতে চাই। তিনি আমাদের বললেন, আপনারা এখন তাদের কাছে যেতে পারবেন না, রাস্তা খুবই খারাপ। আজ আব্দুর রাজ্জাক আখন্দ আসবেন। তিনি যখন সেখানে যাবেন তখন তার সাথে আমরা ব্যবস্থা করে দিবো। আমরা আব্দুর রাজ্জাক আখন্দকে পূর্ব থেকেই চিনতাম। তিনি কেল্লা জঙ্গীর কমান্ডার ছিলেন। আমাদের ভাইয়েরা তার সাথেই ফ্রন্টে গিয়েছিলেন।

যোহরের নামাযের সময় একটি হেলিকপ্টার ঘাঁটির আশপাশে চক্কর দিতে থাকে এবং মোল্লা আব্দুস সাত্তারের ঘাঁটিতে অবতরণ করে। হেলিকপ্টার হতে মোল্লা দাদুল্লাহ্ আখন্দ রহঃ নেমে আসেন। আমরা

তখন তাকে চিনতাম না। মোল্লা আব্দুস সাত্তার আমাদেরকে তার সাথে পরিচয় করিয়ে দেন। যোহরের নামাযের পর আমরা মোল্লা আব্দুস সাত্তার ও মোল্লা দাদুল্লাহ্ আখন্দের সাথে গাড়ী যোগে ফ্রন্টে পৌছি এবং পর্বতের অসমতলতা ও সেখানে গাড়ী চলাচলর যোগ্য রাস্তা না থাকার দরুণ মুজাহিদদেরকে অস্ত্র হাতে অশ্বারোহী অবস্থায় দেখতে পেলাম। সুতরাং সেখানে প্রতিটি মুজাহিদই ঘোড়ায় আরোহণ করে চলফেরা করছিলেন। সেখানে মোল্লা দাদুল্লাহ্ শত্রুদের লক্ষ্য করে পিকা ছুড়েন। অতঃপর আমরা ঘাঁটিতে ফিরে এলাম এবং মাজার শরীফ অভিমুখে রওয়ানা হলাম এবং দীর্ঘ সময় পর আমাদের ঘাঁটিতে ফিরে এলাম।

সকালবেলা ঈদুল ফিতরের নামাজ আদায়ের জন্য আমরা আমাদের ঘাঁটি থেকে মাজার শরীফের মধ্যখানে জামে' মসজিদে গেলাম। তালেবানদের সামরিক শক্তি প্রদর্শন করার জন্য সেখানে একটি জেট বিমান এলো। নামাযের পর গভর্নর ও তার ডেপুটিরা একটি গাম্ভীর্যপূর্ণ শোভাযাত্রায় বের হন এবং তার চারপাশে রক্ষীবাহিনী তাকে মোটরসাইকেলে এমন চমৎকারভাবে ঘিরে রেখেছিল, যা ইতিপূর্বে আমি কখনো দেখিনি। ঘাঁটিতে ফিরে গিয়ে ভাইদের সাথে ঈদ উদযাপন করার পর আমি ভাইদের নিকট আমার কাবুলে ফিরে আসার জন্য অনুমতি চাইলাম। কাবুলে আমি হজ্বে যাওয়ার নিয়ত করেছিলাম ও ভাই আবু মুহাম্মাদের নিকট যাওয়ার অনুমতি চাইলাম। অতঃপর আমরা প্রায় দশজন পাকিস্তানে গেলাম এবং হজ্বের মৌসুমে মিনাতে তুর্কিস্তানী ছাত্রদের সাথে সাক্ষাৎ করি ও তাদেরকে আফগানিস্তানে হিজরত ও জিহাদের দাওয়াত দেই। হজ্বের ফরজসমূহ আদায় করার পর আমারা মক্কার একটি হোটেলে একত্রিত হই। অতঃপর আফগানিস্তানে চলে আসি।

অতঃপর ভাইদেরকে শরয়ী শিক্ষা পাঠদান করার জন্য আমি এবং সদরুদ্দীন ভাই ক্যাম্পে ফিরে যাই। এক সপ্তাহ পর আমি শুরা সভার জন্য আবার কাবুলে ফিরে আসি। শুরা সভা শেষে আমি ভাইদেরকে প্রশিক্ষণ দেওয়ার জন্য কাবুলে স্থানান্তরকৃত ক্যাম্পে যাই এবং প্রশিক্ষণ প্রায় দু'মাস যাবৎ চলতে থাকে। তখন তালেবানদের পক্ষ থেকে শাইখ উসামা রহঃ এর ক্যাম্প ব্যতিত বাকি সকল ক্যাম্প বন্ধ করে দেওয়ার নির্দেশ আসে। আমাদের নিকট ক্যাম্পের কিছু উদ্দেশ্য বাকি রয়ে গিয়েছিল। আর তা হচ্ছে, ফ্রন্টে কিভাবে গোলা নিক্ষেপ করতে হয়? তাই কতিপয় ভাইকে আমি তার প্রশিক্ষণ দিয়ে দেই।

**হেরাত সফর**

অত:পর আমি ভাইদের সাথে হেরাত প্রদেশের গভর্নর মৌলভী আব্দুল হান্নান রহঃ এর নিকট যাই। তিনি প্রশিক্ষণ প্রদানের জন্য আমাদেরকে একটি ক্যাম্প জয় করে দেন। আমি সেই ক্যাম্পের আমির ছিলাম। মৌলভী আব্দুল হান্নান একজন অত্যন্ত বিনয়ী লোক ছিলেন। এমনকি তিনি যখন আমাদের

